দৈনিক বাংলা

তারিখ ...30/6/83...
পৃষ্ঠা ... 1 ... কলাম 6

016

# ৬০ বছরের পরেও বেসরকারী শিক্ষক পুনর্নিয়োগ করা যাবে

সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা কমিটি। পরিচালকমন্ডলী নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষকদের শারীরিক সক্ষমতার ভিত্তিতে ৬৫ বছর বয়স পর্যন্ত পুনর্নিয়োগ করতে পারবেন। পূর্ববর্তী বিধি অনুযায়ী দুই বছর করে দুইবার এবং সবশেষে এক বছরের জন্যে তাঁদের পুনর্নিয়োগ করা যাবে।

বুধবার ঢাকায় এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, যেসব শিক্ষককে তাঁদের ৬০ বছর বয়স অতিক্রম করার পর পুনর্নিয়োগ করা হবে, তারা সরকারের দেয় কোন সুযোগ সুবিধা পাবেন না। খবর বাসসের।